গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ**

বহরমপুর, রাজশাহী

# ২০২৩-২০২৪ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী

১। সভাপতিঃ জনাব মোঃ শামসুল হোদা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা.), বিএমডিএ, রাজশাহী

২। সভার তারিখঃ ২৭.০৯.২০২৩ ইং

৩। সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

৪। স্থানঃ সভাপতি মহোদয়ের কক্ষে

৫। উপস্থিতিঃ

ক) জনাব মোঃ শামসুল হোদা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী।

খ) জনাব মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা), পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী।

গ) জনাব মোহাঃ যোবায়ের হোসেন, সচিব, বিএমডিএ, রাজশাহী।

ঘ) জনাব মোঃ রোকনুজ্জামান বিশ্বাস, হিসাব নিয়ন্ত্রক (চ.দা), বিএমডিএ, রাজশাহী।

৬। আলোচনাঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নেরর বিভিন্ন দিক তুলে ধরার জন্য কমিটির সদস্য-সচিব জনাব মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা, বিএমডিএ, রাজশাহী-কে আহ্বান করেন। জনাব মোঃ আব্দুল লতিফ ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে অন্তর্ভুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। চলতি মাসের ৩০ তারিখের মধ্যেই ওয়েব সাইটে আপলোড করা হবে। | বিএমডিএ'র সিটিজেন চার্টার প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ অব্যহত রাখতে হবে। বিশেষ করে কোন কর্মকর্তার ডেস্ক পরিবর্তন হলে তা পরিবর্তন পূর্বক তার মোবাইল নম্বর হালনাগাদ করতে হবে এবং ওয়েব সাইটে আপলোড করতে হবে। | জনাব মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |
| ২। | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদকরণ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বেয়ে অবহিতকরণ সভা আয়োজন | মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকীর মাধ্যমে হালনাগাদকরণ নিশ্চিতকরণ বিষয়ে গত ০৭.০৯.২০২৩ তারিখ চাঁপাই নবাবগঞ্জ রিজিয়ন দপ্তর পরিদর্শন করা হয় এবং সিটিজেন চার্টার হালনাগাকরণের জন্য পরামর্শ প্রদান করা হয়। | আওতাধীন দপ্তর/সংস্থার সাথে সভা করা হয় এবং স্ব-স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। আওতাধীন দপ্তর প্রধানগণের সাথে মত বিনিময় করা হয় এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং তা অব্যহত রাখার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হয়। | জনাব মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন | মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকীর মাধ্যমে হালনাগাদকরণ নিশ্চিতকরণ বিষয়ে গত ১১.০৯.২০২৩ তারিখ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নিয়ে সভা করা হয়। | আওতাধীন দপ্তর/সংস্থার সাথে সভা করা হয় এবং স্ব-স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করার জন্য সভায় আলোচনা হয় এবং দৃশ্যমান স্থানে ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে টাঙ্গিয়ে টাংগিয়ে রাখার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। | জনাব মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |
| ৪। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কমিটিকে জানান যে, বিএমডিএ'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা প্রয়োজন। যার জন্য স্থান ও সময় নির্ধারণ করা দরকার। | সভায় বিস্তারিত আলোচনা শেষে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আগামী ডিসেম্বর মাসের মধ্যে আয়োজন করতে হবে এবং তা রাজশাহী প্রধান কার্যালয়ে করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | জনাব মোঃ আব্দুল লতিফ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার আহ্বায়ক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/০৯/২০২৩
(মোঃ আব্দুল লতিফ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য-সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি।

27.09.2023
(মোঃ রোকনুজ্জামান বিশ্বাস)
হিসাব নিয়ন্ত্রক (চ.দা.)
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি।

২৭/০৯/২৩
(মোহাঃ যোবায়ের হোসেন)
সচিব
বিএমডিএ, রাজশাহী
ও
সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি।

২৭/০৯/২০২৩
(মোঃ শামসুল হোদা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা)
বিএমডিএ, রাজশাহী
ও
আহ্বায়ক, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি।